

PRINT

সমকালে

ঢাবিতে ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলা, আহত ৪

১০ ঘণ্টা আগে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মধুর ক্যান্টিনে ছাত্রদলের ওপর হামলা করেছে ছাত্রলীগ ও মুক্তিযুদ্ধ মন্ডল। গতকাল রোববার দুপুরে এ হামলার ঘটনায় ছাত্রদলের চার নেতাকর্মী আহত হয়েছেন। তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তারা হলেন- ডাকসু নির্বাচনে জিয়া হলের ভিপি পদে নির্বাচন করা তারেক হাসান মামুন, জিয়া হলের যুগ্ম আহ্বায়ক শাহজান শাওন, ছাত্রদল নেতা মামুন খান ও বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ওবায়দুল্লাহ নাসুর। এ সময় ছাত্রদলের নারীকর্মী কানেতা ইয়া লাম লাম ও মানসুরা আলমকেও লাষ্টিত করা হয় বলে অভিযোগ ছাত্রদলের।

গত শনিবার ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ইকবাল হোসেন শ্যামলের নামে একটি ফেসবুক অ্যাকাউন্টের বায়োতে লেখা স্টিক্রনশট ভাইরাল হয়। সেখানে লেখা ছিল- '৭৫ এর হাতিয়ার, গর্জে উঠুক আরেকবার'। ওই লেখাকে কেন্দ্র করে উত্তেজনা বিরাজ করছিল ক্যাম্পাসে। ফেসবুকের ওই লেখার জন্য ছাত্রদল সাধারণ সম্পাদককে ঢাবি ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা এবং তাকে 'দেখে নেওয়া'র ঝঁশিয়ারি দেয় ছাত্রলীগ। তবে ছাত্রদলের সাধারণ সম্পাদক দাবি করেন, তার কোনো ফেসবুক অ্যাকাউন্ট নেই এবং ওই আইডি ভুয়া।

এ বিষয়ে ব্যাখ্যা দিতে সকাল সোয়া ১১টার দিকে ঢাবি সাংবাদিক সমিতিতে সংবাদ সম্মেলন করে ছাত্রদল। পরে ছাত্রদল সভাপতি ফজলুর রহমান, সাধারণ সম্পাদক ইকবাল হোসেন শ্যামলসহ নেতারা মধুর ক্যান্টিনে যান। মধুর ক্যান্টিনে আগে থেকেই অবস্থান করছিল ছাত্রলীগ। ছাত্রদল নেতারা অনেকক্ষণ অপেক্ষা করেও বসার জায়গা না পেয়ে ফ্লোরে বসে পড়েন। এ সময় ছাত্রলীগ নেতাকর্মীরা তাদের ওপর হামলা চালায়। এতে ছাত্রদলের চার নেতাকর্মী আহত হন। হামলায় নেতৃত্ব দেন ছাত্রলীগের কেন্দ্রীয় সহসভাপতি ও মুক্তিযুদ্ধ মঞ্চের সভাপতি আমিনুল ইসলাম বুলবুল। বিকেলে হামলার প্রতিবাদে সাংবাদিক সমিতিতে সংবাদ সম্মেলন করে ঢাবি শাখা ছাত্রদল। ঢাবি ছাত্রদলের সভাপতি মেহেদী তালুকদার ও সাধারণ সম্পাদক আবুল বাশার সিদ্দিকী এ সময় অভিযোগ করে বলেন, 'তারা আমাদের মেয়েদের লাঞ্ছিত করেছে, অকথ্য ভাষায় গালিগালাজ করেছে, অনেকের মোবাইল, মানিব্যাগ কেড়ে নেওয়া হয়েছে।

হামলার বিষয়টি স্বীকার করে আমিনুল ইসলাম বুলবুল সাংবাদিকদের বলেন, যারা '৭৫ এর হাতিয়ার গর্জে উঠুক আরেকবার' এই স্লোগান দেয়, তাদের প্রতিহত করা হবে। '৭৫-এ জাতির পিতা বঙ্গবন্ধুকে হত্যার মাধ্যমে বিএনপির জন্ম হয়েছে।

এর আগে সাংবাদিক সমিতিতে সংবাদ সম্মেলনে ছাত্রদলের সাধারণ সম্পাদক ইকবাল হোসেন শ্যামল বলেন, তার কোনো ফেসবুক আইডি নেই। অর্থ সামাজিক যোগাযোগ মাধ্যমে ১৬টি আইডি চালু রয়েছে। এর জন্য তিনি তেজগাঁও থানায় জিডিও করেছেন। ১৫ আগস্টের হত্যাকাণ্ড তিনি এবং তার দল কখনোই সমর্থন করে না বলে জানান তিনি।

দুপুরে মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন করে মুক্তিযুদ্ধ মঞ্চ ছাত্রদলকে ঢাবি ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:
ad.samakalonline@outlook.com

